

গ্রেট ওরমুন্ড স্ট্রীট হসপিটাল ফর চিল্ড্রেন NHS ট্রাস্ট: পরিবারদের জন্যে তথ্য

## ডৌনরোবিসিন, ডক্সওরোবিসিন, আইডারোবিসিন ও ইপিরোবিসিন

2য় সংস্করণ

প্রস্তুতকারকের দ্বারা সরবরাহকৃত কোন তথ্যের সংযোগে এই তথ্যপত্র পড়তে হবে।

ডৌনরোবিসিন, ডক্সওরোবিসিন, আইডারোবিসিন ও ইপিরোবিসিন (Daunorubicin, doxorubicin, idarubicin and epirubicin) কি, সেগুলো কিভাবে দেওয়া হয় এবং কোন কোন সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে এই তথ্যপত্রে ব্যাখ্যা রয়েছে। অতিসাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো ছাড়াও কোন কোন বিরল ও দীর্ঘমেয়াদী পার্শ্ব প্রতিক্রিয়াগুলোরও ব্যাখ্যা এই প্রচারপত্রে রয়েছে। মেডিসিন বা ঔষধের প্রতি বিভিন্ন ব্যক্তির বিভিন্নভাবে প্রতিক্রিয়া হয়ে থাকে সূত্রাং উল্লেখিত প্রত্যেকটি পার্শ্ব প্রতিক্রিয়ায় আপনার বাচ্চা অপরিসীমভাবে ভুক্তভোগী নাও হতে পারে। পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আপনার যদি কোন উদ্বেগ থাকে তাহলে তথ্যপত্রে উল্লেখিত কোন একটি যোগাযোগ নম্বরে ফোন করুন ও আপনার ডাক্তার, নার্স অথবা ফার্মাসিস্টের সঙ্গে আলোচনা করুন।

ডৌনরোবিসিন, ডক্সওরোবিসিন,  
আইডারোবিসিন ও ইপিরোবিসিন কি?  
কোন কোন ক্যানসার ও লুকীমিয়ার  
চিকিৎসার জন্যে এইসব ড্রাগ (মাদকদ্রব্য)  
ব্যবহার করা হয়।

সেটা কিভাবে দেওয়া হয়?  
কোন কেনিউলায় (ইন্ট্রাভেনাসলী অথবা  
IV), কোন শিরা, কেন্দ্রীয় ভেনাস  
কেথেটার অথবা ইমপ্ল্যান্টেবল পোর্টের  
মাধ্যমে ইনফিউশন (নির্যাস) হিসেবে  
প্রতিটি ড্রাগ দেওয়া হয়ে থাকে।

অতি সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কি কি?

■ **বিতৃষ্ণাবোধ ও বমি:** এই লক্ষণসমূহ হ্রাস অথবা বন্ধ করার জন্যে অসুস্থতা-বিরোধী ঔষধ দেওয়া যেতে পারে। আপনার বাচ্চার অসুস্থতা যদি নিয়ন্ত্রণ না হয় অথবা অটল থাকে তাহলে আপনার ডাক্তার অথবা নার্সকে বলুন।

■ **প্রস্রাব বিবর্ণ:** এই ড্রাগ দেওয়ার এক বা দুইদিন পর আপনার বাচ্চার প্রস্রাব হয়তো কমলা অথবা লাল রংয়ে পরিবর্তন হতে পারে। ড্রাগের রংয়ের কারণে এটা সাধারণত হয়ে থাকে। এটা সাময়িক ও স্থায়ী কোন প্রভাব ফেলবে না।

■ **চুলের পড়া:** আইব্রু ও আইলাসসহ আপনার বাচ্চার কিছু পরিমাণ অথবা সমস্ত চুলই তার পড়ে যেতে পারে। সেটা সাময়িক ও চিকিৎসা শেষ হওয়া পর আবার তার চুল জন্মাবে।

■ **বৌন্ ম্যারো দমন:** আপনার বাচ্চার বৌন্ ম্যারো যতো ভালো কাজ করুক সেটা সাময়িকভাবে কিছুটা হ্রাস পেতে পারে। এর মানে এটাই হয় যে, স্বাভাবিকের চাইতে আরো সহজে সে এনাইমিক, ব্রুস অথবা ব্লিড বা রক্তপাত হতে পারে এবং ইনফেকশন বা সংক্রমণের তার উচ্চপর্যায়ের ঝুঁকি থাকবে। বৌন্ ম্যারো কিভাবে কাজকর্ম করছে সেটা পরীক্ষার জন্যে নিয়মিত আপনার বাচ্চার ব্লাড কাউন্ট যাচাই করা হবে। যদি আপনার বাচ্চা অস্বাভাবিকভাবে ক্লান্ত, ব্রুজিং অথবা ব্লিডিং বা রক্তপাত হতে দেখা যায়, অথবা ইনফেকশনের কোন লক্ষণ থাকে, বিশেষভাবে উচ্চ তাপমাত্রা থাকতে দেখা যায় তাহলে আপনার ডাক্তারকে অনুগ্রহ করে বলুন।

### ■ যন্ত্রণাপূর্ণ মুখ ও সপুষ্ট ক্ষত (আলসার্স):

মাউথকেয়ারের (মুখের সেবায়ত্ন) প্রচারপত্রের কপিসহ আপনাকে মাউথকেয়ার সম্পর্কে যথাযথ পরামর্শ দেওয়া হবে। আপনার বাচ্চার যদি যন্ত্রণাপূর্ণ মুখ বা স্যর মাউথ-এর অভিযোগ করে তাহলে আপনার ডাক্তার বা নার্সকে অনুগ্রহ করে জানিয়ে দিন।

### অপেক্ষাকৃত কম সাধারণ

পার্শ্ব প্রতিক্রিয়াগুলো কি কি?

■ হৃদপিণ্ডের কার্যক্রমের পরিবর্তন: কোন কোন ক্ষেত্রে আপনার বাচ্চার হৃদপিণ্ডের মাংসপেশী ও সেটা যতো ভালো কাজ করুক এই ড্রাগ (মাধকদ্রব্য) সেগুলোর উপর তা প্রভাব ফেলতে পারে। এইসব ড্রাগ গ্রহণের আগে ইকোকর্ডিওগ্রাম (ECHO) নামে একটি পরীক্ষা আপনার বাচ্চার হবে। চিকিৎসা চলাকালীন ও দীর্ঘমেয়াদী অনুসরণমূলক ক্লিনিকে আসার সময় হৃদপিণ্ড মনিটর (যাচাই) করার জন্যে এই পরীক্ষা বা টেস্ট ব্যবহার করা হবে। হৃদপিণ্ডের ক্ষতির ঝুঁকি সর্বনিম্ন রাখার জন্যে সর্বমোট ড্রাগের পরিমাণ সতর্কতার সঙ্গে হিসাব করা হবে।

■ আকস্মিক রক্তোচ্ছাস/রক্তের শিরার মধ্যে ব্যথা: কোন কেনিউলা ব্যবহার করে যদি এইসব ড্রাগ শিরায় দেওয়া হয়ে থাকে তাহলে শিরার পথে একটা লাল আকস্মিক রক্তোচ্ছাস (ফ্লাশ) দেখা যেতে পারে। এটা সাময়িক ও সময়ের গতিতে চলে যাবে।

■ নখের পরিবর্তন: আপনার বাচ্চার নখ কালো হয়ে যেতে পারে। আপনার বাচ্চার ভবিষ্যতে নখ জন্মানো স্বাভাবিক হয়ে যাবে

■ দাহজনক ত্বকের প্রতিক্রিয়া: রেডিওথেরাপীর দ্বারা আপনার বাচ্চার ত্বকের যে স্থানে চিকিৎসা করা হয়েছে সে স্থানে এই ড্রাগ আপনার বাচ্চার ত্বক লাল ও যন্ত্রণাপূর্ণ করে দিতে পারে।

### গুরুত্বপূর্ণ তথ্য যা আপনার

#### জানা উচিত:

আপনার বাচ্চার ত্বকের নিচের টিস্যু (কোষসমষ্টি)-তে যদি এই ড্রাগ লিক্ বা ফুটা ফুটা পড়ে তাহলে সে স্থানের টিস্যুর ক্ষতি হতে পারে। যদি কোন কেনিউলার মাধ্যমে কোন ড্রাগ দেওয়া হয়ে থাকে আর আপনার বাচ্চা কেনিউলার চারপাশে যন্ত্রণা ও জ্বালাপোড়া অনুভব করে তাহলে অনুগ্রহ করে অতি শীঘ্রই আপনার ডাক্তার অথবা নার্সকে জানিয়ে দিন। যদি কেন্দ্রীয় ভেনাস কেথেটার অথবা ইমপ্ল্যান্টেবল পোর্টের মাধ্যমে অন্য কোন ড্রাগ দেওয়া হয়ে থাকে এবং আপনার বাচ্চা বুক অথবা ঘাড়ের চারদিকে বেদনা-যন্ত্রণার অভিযোগ করে তাহলে তৎক্ষণাত আপনার ডাক্তার অথবা নার্সকে অনুগ্রহ করে জানিয়ে দিন।

#### প্রয়োজনীয় টেলিফোন নম্বর

GOSH সুইচবোর্ড:	020 7405 9200
এলিপান্ট ডে কেয়ার	020 7829 8833
ফক্স ওয়ার্ড	020 7829 8820
জিরাফ ওয়ার্ড	020 7829 8821
লাইয়ন ওয়ার্ড	020 7829 8810
রবীন ওয়ার্ড	020 7829 8811
ফার্মাসী ডিপার্টমেন্ট:	020 7829 8680
ফার্মাসী মেডিসিন	
ইনফরমেশন:	020 7829 8608

#### সংক্ষিপ্ত ব্যাখ্যা

চাইল্ড অ্যান্ড ফ্যামিলি ইনফরমেশন  
গ্রুপের সহযোগিতায় ফার্মাসী  
ডিপার্টমেন্ট দ্বারা সংকলিত

গ্রেট ওরমন্ড স্ট্রীট হসপিটাল ফর চিল্ড্রেন NHS ট্রাস্ট  
Great Ormond Street  
London WC1N 3JH

ওয়েবসাইট: [www.goshfamilies.nhs.uk](http://www.goshfamilies.nhs.uk) [www.childrenfirst.nhs.uk](http://www.childrenfirst.nhs.uk)